

প্রেস রিলিজ

১৭ মে ২০২৫

## বাউবির এমফিল ও পিএইচডি গবেষকদের দুই দিনের কর্মশালার সফল সমাপ্তি:

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবান্ধব বর্তমান উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম যোগদানের পর থেকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা কার্যক্রমকে উচ্চমাত্রায় এগিয়ে নেওয়ার লক্ষ্যে তাঁর নিরলস প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। তারই ধারাবাহিকতায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) “গবেষণার যাত্রা: প্রস্তাবনা থেকে থিসিস লেখালেখি” শীর্ষক দুদিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালা আজ ১৭ মে ২০২৫ তারিখ শনিবার বিকালে সফলভাবে সমাপ্ত হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। তিনি বলেন, “আমি অত্যন্ত আনন্দিত যে আপনারা প্রস্তাবনা তৈরি থেকে শুরু করে থিসিস লেখার প্রতিটি ধাপে প্রয়োজনীয় দিকনির্দেশনা লাভ করেছেন। আমি বিশ্বাস করি, এই কর্মশালায় অর্জিত জ্ঞান ও দক্ষতা আপনাদের গবেষণার পথকে আরও সুগম করবে এবং মানসম্মত গবেষণা কর্ম সম্পাদনে সহায়ক হবে। আপনাদের ভবিষ্যৎ গবেষণা প্রচেষ্টার সাফল্য কামনা করি এবং বাউবি সর্বদা গবেষণার উৎকর্ষ সাধনে আপনাদের পাশে থাকবে। আমার বিশ্বাস, প্রস্তাবনা তৈরি থেকে থিসিস লেখার প্রতিটি পর্যায়ে আপনারা যে জ্ঞান ও কৌশল অর্জন করেছেন, তা আপনাদের ভবিষ্যৎ গবেষণাকর্মকে আরও ফলপ্রসূ ও মানসম্পন্ন করে তুলতে সহায়ক হবে”।

কর্মশালার রিসোর্স পারসন ছিলেন, বাউবির ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোঃ শামীম, আইইউটি (IUT), গাজীপুর এর অধ্যাপক ড. মোঃ আবুল কালাম আজাদ, বাউবির আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জহির রায়হান, আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মামুনুর রশীদ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা এর অধ্যাপক ড. আব্দুল কাদের মুহাম্মদ মাসুম, বাউবি ওপেন স্কুলের সহকারী অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম ও খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়, সিরাজগঞ্জ এর সহকারী অধ্যাপক ড. মোঃ তরিকুল ইসলাম। রিসোর্স পারসনগণ পদ্ধতিগত সাহিত্য পর্যালোচনা, থিসিসের অধ্যায়ভিত্তিক গঠন নির্দেশিকা, গবেষণা পদ্ধতি (গুণগত ও পরিমাণগত বিশ্লেষণ), এসপিএসএস প্রয়োগের মৌলিক ধারণা, গবেষণার জন্য পাইথনের প্রাথমিক ধারণা (সংক্ষিপ্ত সারসংক্ষেপ) ও গবেষণায় মেডেলে ব্যবহার বিষয়সমূহ সম্পর্কে দুদিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণকারী গবেষকদের নিকট বিস্তারিত আলোকপাত করেন। ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত বাউবি গাজীপুর ক্যাম্পাসের সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রের লেকচার গ্যালারীতে দুদিনব্যাপী অনুষ্ঠিত এ কর্মশালায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এমফিল ও পিএইচডি পর্যায়ের ৭০ জন গবেষক অংশগ্রহণ করেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭